

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা



“নারায়ণগঞ্জ বন্দরে এবং চট্টগ্রাম কালুরঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)’র ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কে.এম. আব্দুস সালাম সচিব
সভার তারিখ	০৪/০৫/২০২১ মঙ্গলবার।
সভার সময়	দুপুর ১২.০০ টা
স্থান	ভার্চুয়াল।
উপস্থিতি	পরিশিষ্ট -‘ক’

উপস্থাপনাঃ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কমিটির সদস্য সচিব ও প্রকল্প পরিচালক-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতির নির্দেশক্রমে প্রকল্প পরিচালক বিগত ১১-১১-২০২০ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ৪র্থ পিএসসি সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। কারো কোনো আপত্তি না থাকায় কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২.০ প্রকল্প কাজের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা:

ভৌতঃ প্রকল্প বাস্তবায়নে ভৌত কাজের অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মোট ভৌত কাজের অগ্রগতি ৮৪%। তন্মধ্যে প্রকল্প অঞ্চলভেদে নারায়ণগঞ্জ বন্দর উপজেলা অংশের ভৌত কাজের অগ্রগতি ৯৩% এবং চট্টগ্রাম কালুরঘাট অংশের ভৌত কাজের ৭৫% কাজ সম্পন্ন হয়েছে।

আর্থিকঃ প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, অক্টোবর ২০১৭ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৮২৭৭.৩৯ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৭১.৯৩%। অনুমোদিত ডিপিপি মতে ২০২০-২০২১ অর্থবছরের প্রকল্পের অনুকূলে বাজেট বরাদ্দ রয়েছে ৩০০০.০০ লক্ষ টাকা।

৩.০ আলোচনা ও সিদ্ধান্তঃ সভার এ পর্যায়ে প্রকল্পের পিআইসি সভার সুপারিশসমূহ নিম্নরূপ আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্র/নং	প্রকল্পের সর্বশেষ পিআইসি সভার সুপারিশসমূহ	আলোচনা	সিদ্ধান্ত

<p>৩.১</p>	<p>প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জের বন্দর অংশে সংযোজনের নিমিত্ত সেনা কল্যাণ সংস্থার সরবরাহকৃত ০৩ টি প্যাসেঞ্জার লিফট ইউরোপিয়ন স্ট্যান্ডার্ডের অনুসরণে নির্মিত কারিগরী কমিটির সুপারিশ রয়েছে বিধায় তা গ্রহণে ও সংযোগ স্থাপনে সুপারিশ করা হলো।</p>	<p>এতদবিষয়ে কারিগরি কমিটির সুপারিশ প্রতিবেদন পাওয়ার পরও লিফটসমূহ সংযোগ স্থাপনে বিলম্বের কারণ সভাপতি মহোদয় জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যেহেতু সরবরাহকৃত লিফটসমূহ ইউরোপিয়ন স্ট্যান্ডার্ডের কিনা তা নিরূপণে কারিগরি কমিটির মাধ্যমে যাচাইয়ের বিষয়টি প্রকল্পের পিআইসি কমিটির সুপারিশের ভিত্তিতে পিএসসি সভায় সিদ্ধান্তক্রমে গৃহীত হয়েছিল, তাই কারিগরি কমিটির সুপারিশ বাস্তবায়নে পিএসসি সভার অনুমোদন প্রয়োজন যা এই সভায় গ্রহণ করা হবে। তিনি লিফট সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপস্থিত সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধিকে অনুরোধ জানান।</p>	<p>নারায়ণগঞ্জের বন্দর অংশে সংযোজনের নিমিত্ত সেনা কল্যাণ সংস্থার সরবরাহকৃত ০৩ টি প্যাসেঞ্জার লিফট গ্রহণে ও সংযোগ স্থাপনের বিষয়টি অনুমোদন করা হলো।</p>
<p>৩.২</p>	<p>ইউরোপিয়ন স্ট্যান্ডার্ডের Safetynet এর আওতায় লিফটসমূহ স্থাপনের সময়ে কারিগরি কমিটির সুপারিশকৃত ভৌত পরীক্ষাগুলো সুষ্ঠুভাবে সম্পাদনের সুপারিশ করা হলো।</p>	<p>লিফট সংযোগের সময় Safetynet এর আওতায় কিছু ভৌত পরীক্ষা যথাযথভাবে সম্পাদন করা জরুরী উল্লেখপূর্বক সভাপতি মহোদয় সভায় উপস্থিত সেনা কল্যাণ সংস্থার প্রতিনিধিকে পরীক্ষাগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানান।</p>	<p>ইউরোপিয়ন স্ট্যান্ডার্ডের Safetynet এর আওতায় লিফটসমূহ স্থাপনের সময়ে কারিগরি কমিটির সুপারিশকৃত ভৌত পরীক্ষাগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে এবং পরীক্ষা শেষে সেনা কল্যাণ সংস্থা এতবিষয়ক প্রতিবেদন দাখিল করবে।</p>
<p>৩.৩</p>	<p>কোভিড-১৯ পরিস্থিতিতে প্রকল্পের ভৌত কাজের অগ্রগতি পিছিয়ে পড়ায় পিইসির সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের মেয়াদবৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে দ্রুত প্রেরণের ব্যবস্থা করতে হবে।</p>	<p>আলোচনার এ পর্যায়ে প্রকল্প কাজ করোনার ২য় ঢেউয়ে আক্রান্ত হওয়ার কারণে এপ্রিল ২০২১ হতে বন্ধ রয়েছে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। এ পর্যায়ে প্রকল্প মেয়াদ আগামী ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন বলে সভায় আলোচনা হয়।</p>	<p>প্রকল্পের মেয়াদবৃদ্ধিসহ ১ম সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনের অনুমোদনে জরুরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

কে.এম. আব্দুস সালাম
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৬.২৭.০০১.১৮.৫৭

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৮
২০ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ
- ২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৩) সচিব, সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, অর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৭) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
- ৮) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ৯) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ১০) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

মোঃ আব্দুল কাদের
সিনিয়র সহকারী সচিব